তারিখ: 20 OCT 2016
পৃষ্ঠা: ৪ কলাম: ৬

দৈনিক
ইত্তেফাক

# ভর্তি পরীক্ষার সুযোগ না পাওয়া শিক্ষার্থীদের টাকা ফেরত দেবে খুবি

■ খুলনা অফিস

খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি) কর্তৃপক্ষ এবার ভর্তি পরীক্ষায় যে সকল আবেদনকারী নির্ধারিত সংখ্যার ঊর্ধ্বে থাকার কারণে ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগ পাবে না তাদের নিকট থেকে ফরমের জন্য নেয়া টাকা ফেরত (সংশ্লিষ্ট খরচ ব্যতীত) দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। গত মঙ্গলবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটির সভাপতি উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ফায়েক উজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, ভর্তি সংক্রান্ত আবেদন ফরম বিশ্ববিদ্যালয় ওয়েব সাইট www.ku.ac.bd তে পাওয়া যাবে। তা পূরণ করে অনলাইনে জমা দিলে স্ব স্ব ঠিকানায় মানি অর্ডার যোগে খরচ বাদ দিয়ে বাকি অর্থ ফেরত দেয়া হবে।

এ প্রসঙ্গে উপাচার্য ড. মোহাম্মদ ফায়েক উজ্জামান জানান, এবার আগে থেকেই ভর্তি কমিটির সিদ্ধান্ত ছিল প্রত্যেক স্কুলে সর্বোচ্চ ৭ হাজার পর্যন্ত আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ৭ হাজারতম আবেদনকারী যদি একাধিক হয় তবে তারাও ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে। এবার আবেদন জমা পড়ার পর দেখা যায়, বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের এবং জীববিজ্ঞান স্কুলের প্রত্যেকটিতে সাত হাজারের চেয়ে অনেক বেশি আবেদন জমা পড়ছে। এর মধ্যে বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলে ১৩৩৬৫টি এবং জীববিজ্ঞান স্কুলে ১২৬৪০টি। ফলে এই দু'স্কুলের আবেদনকারীদের মধ্য থেকে মেধা তালিকার ভিত্তিতে প্রণীত যোগ্যতমদের তালিকার বাইরে কয়েক হাজার আবেদনকারী রয়ে যাচ্ছে যারা ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ পাচ্ছে না। এ ধরনের আবেদনকারী যারা ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ পাবে না তাদের নিকট থেকে গৃহীত অর্থ ফেরত দেয়া হবে বলে আমরা সিদ্ধান্ত নিয়েছি।

তিনি বলেন, যাদের ভর্তি পরীক্ষার সুযোগ দেয়া গেল না তাদের টাকা নৈতিকভাবে ফেরত দেয়াই উচিত। শিক্ষার্থীদের অনেকেই আছে যাদের জন্য অভিভাবকদের কষ্ট করে জোগাড় করা টাকা এভাবে আমরা নিতে পারি না। এ টাকা দিয়ে প্রয়োজনে তারা অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে আবেদন করতে পারবে বা শিক্ষার অন্য কোনো কাজে লাগাতে পারবে।

উল্লেখ্য, খুলনা বিশ্ববিদ্যালয়ে এ ধরনের সিদ্ধান্ত এই প্রথম নেয়া হল। দেশে এ ধরনের দৃষ্টান্ত অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে নেই।